

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল কর্মী

হতে : পরিচালক

বিষয় : চিকিৎসা ভাতা দাবী করার ক্ষেত্রে বিশেষ নির্দেশনা প্রদান প্রসংগে।


প্রিয় সহকর্মীবন্দ,

আপনাদের সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জানানো যাচ্ছে যে, অদ্য ৫ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ থেকে চিকিৎসা বিল প্রদান এর ক্ষেত্রে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ অনুসরণ করতে হবে:

১. কোন কর্মীর চিকিৎসাবিল আসার পর কমিটি সকল ধরনের বিল যাচাই করে করে নির্বাহী পরিচালক এর নিকট জমা দিবেন, নির্বাহী পরিচালক বরাদ্দের মধ্যে অনুমোদন দিবেন। নির্বাহী পরিচালকের বিল কমিটি অনুমোদন দেবে। বাৎসরিক বরাদ্দ এর বাহিরে কোন কর্মীর চিকিৎসা বিল প্রদান করা হবেনা, এমনকি তিনি বরাদ্দের অতিরিক্ত বিল দাবীও করতে পারবেন না।
২. এখন থেকে চিকিৎসা বিল কমিটির কাছে জমা দেয়ার ক্ষেত্রে ঔষধ এর সকল বিল, ডাক্তার ফি এর মানি রিসিপ্ট এর মূল কপি সংযুক্ত করতে হবে। ডাক্তার এর ব্যবস্থাপত্র ও প্যাথলজি পরীক্ষার রিপোর্ট এর ফটোকপিও সংযুক্ত করতে হবে।
৩. জমাকৃত বিলটি ত্রুটি ও অসংগতিপূর্ণ বিল বলে প্রমানিত হলে সম্পূর্ণ বিলটি বাতিল করা হতে পারে।
৪. চিকিৎসা সহায়তা আবেদন ও অনুমোদন পত্র ২০২০ ফরমেট টি ব্যবহার করতে হবে। ফরমেট টি উক্ত সার্কুলার এর সাথে সংযুক্ত করা হল।
৫. প্রকল্পের কর্মীদের ক্ষেত্রে যে প্রকল্প চিকিৎসা সহায়তা বাজেটে বরাদ্দ আছে সেই প্রকল্পের কর্মীরা আবেদন করতে পারবেন।
৬. এই সার্কুলারটি আপনি আপনার শাখায়, প্রকল্প অফিস, সিএফএমটিসি, সিএক্সএমটিসি, বরিশাল, চট্টগ্রাম, নোয়াখালী ব্যবস্থাপনা কেন্দ্র, এফডিএমএম প্রকল্প অফিস ও প্রধান কার্যালয়ে আগামী দু'টি সভায় আলোচনা করবেন। এই সার্কুলারটি সকল কর্মী পড়েছেন এই মর্মে স্বাক্ষর নিবেন এবং সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে বুলিয়ে রাখবেন, পরবর্তীতে নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

আপনাদের অব্যাহত সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

05 FEB 2020

অনুলিপি : নির্বাহী পরিচালক
সকল উপ ও সহকারী পরিচালক
অফিস কপি